

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রশাসন ও সময় অনুবিভাগ  
প্রশাসন -৫ শাখা (প্রশিক্ষণ)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mof.gov.bd

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০০৯.২৬.১৬৫

তারিখ: ৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: Introduction to Budget Management (IBM)-শীর্ষক কোর্সের ৫৪তম, ৫৫তম ও ৫৬তম ব্যাচের

প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন

সূত্র: ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) এর স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০২.২৫.০০৪.২৪.৮১; তারিখ: ১৩/০৪/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) কর্তৃক সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কর্মরত প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সমপর্যায়ের কর্মকর্তাদের জন্য আয়োজিত ০৫ দিন মেয়াদী Introduction to Budget Management (IBM) কোর্সের ০৩ (তিন) টি ব্যাচের প্রশিক্ষণ নিম্নোক্ত সময় অনুযায়ী আইপিএফ, সেগুনবাগিচা, ঢাকা-তে অনুষ্ঠিত হবে:

ক্রম	ব্যাচ নম্বর	প্রশিক্ষণের তারিখ
০১	৫৪তম (অর্থ বিভাগ ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের জন্য)	০৪-১০ মে, ২০২৬
০২	৫৫তম বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের কর্মকর্তাদের জন্য	০৭-১৪ জুন, ২০২৬
০৩	৫৬তম বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের কর্মকর্তাদের জন্য	১৫-২১ জুন, ২০২৬

০২। উক্ত কোর্সের প্রতি ব্যাচে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে মোট ৩০ (ত্রিশ) জন প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সমপর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণের সুযোগ রয়েছে। উল্লেখ্য, প্রতি ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ০৫ (পাঁচ) জন প্রশিক্ষণার্থীকে বিশেষ প্রণোদনা প্রদানের ব্যবস্থা রয়েছে।

০৩। বর্ণিত IBM কোর্সের ৫৪তম, ৫৫তম ও ৫৬তম ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে প্রতি ব্যাচের জন্য সর্বোচ্চ ০২ (দুই) জন আগ্রহী (ইতোপূর্বে এ কোর্সে অংশগ্রহণ করেননি এমন) প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সমপর্যায়ের কর্মকর্তার মনোনয়ন (নিম্নোক্ত ছক মোতাবেক তথ্যসহ) আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখের (তবে ৫৪তম ব্যাচের মনোনয়ন আগামী ২৬ এপ্রিল, ২০২৬ তারিখ) মধ্যে সরাসরি সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ), অর্থ বিভাগ (ভবন নং-১১, লেভেল-১৬, কক্ষ নং- ১৭১৪), বাংলাদেশ সচিবালয়, ঢাকা অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) (ছকের সফট কপিসহ) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ছক:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবি	অফিসের পূর্ণ ঠিকানা (বর্তমানে কর্মরত শাখা/অধিশাখার নামসহ)	বর্তমান পদে যোগদানের তারিখ	ইতোপূর্বে এই কোর্সে অংশগ্রহণ করেছেন কি না?	মোবাইল ও ই-মেইল
১.					

০৪। উল্লেখ্য যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকা কোর্স শুরুর পূর্বে অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) প্রকাশ করা হবে।

*Alam*

১৬-০৪-২০২৬

মো: মাহবুবুল আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৫৫১০১৩১৪

ইমেইল : trainingsection.fd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিজিএ কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল) এবং
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, সিএজি কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০০৯.২৬.১৬৫/১ (৬)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও পরিকল্পনা, অর্থ বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ।
- ৪। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অধিশাখা-২, অর্থ বিভাগ।
- ৫। সচিবের একান্ত সচিব (উপসচিব), অর্থ বিভাগ এবং
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (পত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



*Alam*

১৬-০৪-২০২৬

মো: মাহবুবুল আলম

সিনিয়র সহকারী সচিব